দর্শক মাতালেন জনপ্রিয় ব্যান্ড দল শিরোনামহীন এর সঙ্গীত শিল্পী তানযিদ তুহিন

গানে গানে দর্শক মাতালেন বাংলাদেশের জনপ্রিয় ব্যান্ড দল শিরোনামহীন এর সঙ্গীত শিল্পীরা। জনপ্রিয় ব্যান্ড তারকা শিল্পী তানযিদ তুহিন। সাথে ছিলেন মেহেরপুরের উদীয়মান ব্যান্ড শিল্পী তানিম মাহমুদ।

শনিবার রাত ৮ টার দিকে পদ্মা সেতুর উদ্বোধন উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে সামসুজ্জোহা নগর উদ্যানে এই সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠিত সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠানে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম,স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হুদা, (রাজস্ব) লিংকন বিশ্বাস,(শিক্ষা ও আইসিটি) আশরাফুজ্জামান ভূঁইয়া, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এডভোকেট মিয়াজান আলী, সদর উপজেলা নির্বাহি অফিসার আসাদুজ্জামান রিপন, পিপি পল্লব ভট্টাচার্য, সহকারী কমিশনার (ভূমি) আবু সাঈদ, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেকসহ বিপুল পরিমান দর্শক অনুষ্ঠানটি উপভোগ করেন।

অনুষ্ঠান শুরুর আগে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও সরকারের জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন জুমের মাধ্যমে বক্তব্য রেখে সাংস্কৃতিক সন্ধ্যার শুভ উদ্বোধন করেন।

বর্ণিল আতশবাজির আলোর ঝলকানিতে আলোকিত মেহেরপুর শহর

বর্ণিল আতশবাজির আলোর ঝলকানিতে আলোকিত হয়ে উঠেছিল মেহেরপুরের গোটা শহর। শনিবার সন্ধ্যা সাড়ে ৭ টার সময় গৌরবের পদ্মা সেতুর উদ্বোধন উপলক্ষে মেহেরপুর শহীদ সামসুজ্জোহা নগর উদ্যানে আয়োজন করে বর্ণিল আতশবাজি।

মেহেরপুর শহীদ শামসুজ্জোহা নগর উদ্যানে মনোমুগ্ধকর আতশবাজি ফোটানো হয়।

আতশবাজি অনুষ্ঠানে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম,স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হুদা, (রাজস্ব) লিংকন বিশ্বাস,(শিক্ষা ও আইসিটি) আশরাফুজ্জামান ভূঁইয়া, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম।

এছাড়াও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি এডভোকেট মিয়াজান আলী, সদর উপজেলা নির্বাহি অফিসার আসাদুজ্জামান রিপন, পিপি পল্লব ভট্টাচার্য, সহকারী কমিশনার (ভূমি) আবু সাঈদ, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেকসহ বিপুল পরিমান দর্শক অনুষ্ঠানটি উপভোগ করেন। এসময় শহরের হাজার হাজার মানুষ এক সাথে এই বর্ণিল আয়োজনে শরীক হন।

গাংনীতে প্রাথমিক শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানীর অভিযোগ

গাংনী উপজেলার সীমান্তবর্তি সহড়াতলা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেনীর এক ছাত্রীকে যৌন হয়রানীর চেষ্টার অভিযোগ উঠেছে এক সহকারী শিক্ষকের বিরুদ্ধে।

ওই শিক্ষার্থীর পিতা অভিযুক্ত শিক্ষককে শায়েস্তা করতে সাবল হাতে

বিদ্যালয়ে প্রবেশ করার সাথে সাথে অভিযুক্ত শিক্ষক আফফান আলী বিদ্যালয় ছেড়ে পালিয়ে যান।

ভিকটিমের বাবা জানান, আমার মেয়ে সহড়াতলা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেনীর ছাত্রী। ওই বিদ্যালয়ের সহকারী শিক্ষক আফফান আলীর কাছে প্রাইভটে পড়ে সে। শনিবার (২৫জুন) সকালে ওই শিক্ষকের কাছে প্রাইভেট পড়তে গেলে সে আদর করার ছলে মেয়েকে যৌণ হয়রানি করেছে।

মেয়ে স্কুল থেকেই প্রচন্ডভাবে আতংকিত হয়ে বাড়িতে এসে কাঁদতে কাঁদতে সব বলে। এ ঘটনার পর আমি সাবল হাতে ওই শিক্ষককে সায়েস্তা করতে গিয়েছিলাম। কিন্তু আমার যাওয়ার আগেই সে স্কুল থেকে সটকে পড়ে। এঘটনায় আমি থানায় মামলা করার সব প্রস্তুতি নিয়েছি। আগামীকাল রবিবার (২৬ জুন) সকাল বেলাতে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেবো।

প্রধান শিক্ষক মুঞ্জুয়ারা খাতুন বলেন, ঠান্ডা জ্বরের কারণে আমি ১০/১২ দিন স্কুলে যায়নি। আমি ঠিকমত জানিনাও বিষয়টি। তবে, উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার ফয়সাল বিন হাসান আমাকে জানতে চেয়েছেন। এব্যাপারে আমি স্কুলে গিয়ে জেনে শুনে তারপর ব্যবস্থা নেবো।

গাংনী উপজেলা প্রাথমিক সহকারী শিক্ষা অফিসার ফয়সাল বিন হাসান জানান, ওই বিদ্যালয়ের শিক্ষকরা আমাকে প্রথমে বিষয়টি অবহিত করেন। আমি ঘটনাটি শুনার সাথে সাথে আমার উর্দ্ধতন অফিসারকে জানিয়েছি। তারা ঘটনাটি তদন্তপূর্বক একটি প্রতিবেদন পাঠাতে বলেছেন। আজকে ছুটির দিন থাকায় আমি যেতে পারিনি। আগামীকাল রবিবার (২৬ জুন) বিদ্যালয়ে গিয়ে তদন্ত করে একটি প্রতিবেদন পাঠাবো। এরপর আমার উর্দ্ধতন কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যভস্থা নেবেন।

তবে, স্থানীয়রা জানান, ওই শিক্ষক এর আগেও বেশ কয়েকবার ছাত্রীদের যৌন হয়রানি করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি আব্দুর রাজ্জাক বলেন, আমি এখনো লিখিত অভিযোগ পাইনি। তবে অভিযোগ পাইলে তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা নেবো।

প্রধান শিক্ষক মঞ্জুয়ারা খাতুন অভিযুক্ত শিক্ষকের মোবাইল ফোন দেওয়ার কথা বলে পরে ফোন বন্ধ করে রাখেন। তার মোবাইল ফোন নং সংগ্রহ করতে না পারায় অভিযুক্ত শিক্ষক আফফান আলীর বক্তব্য নেওয়া

সম্ভব হয়নি।

আফফান আলী সহড়াতলা গ্রামের আব্দুস সামাদের ছেলে।

পদ্মা সেতুর উদ্বোধন মুজিবনগর উপজেলা আ.লীগের আনন্দ উৎসব ও মিষ্টি বিতরণ

“আমার টাকায় আমার সেতু বাংলাদেশের পদ্মা সেতু” স্বপ্নের পদ্মা সেতু উদ্বোধনে (পদ্মা কন্যা) প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানিয়ে আনন্দ উৎসব ও মিষ্টি বিতরণ করেছে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ।

শনিবার বিকেলে উপজেলার কেদারগঞ্জ বাজারে এ আনন্দ-উৎসব মিষ্টি বিতরণ করা হয়।

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা এর সভাপতিত্বে আনন্দ-উৎসবে বক্তব্য রাখেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক প্রফেসর আবুল কালাম আজাদ, মোনাখালী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম গাইন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম।

উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন ৬ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি গনা মন্ডল, ১ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ফারুক হোসেন,যুবনেতা হাসানুজ্জামান লালটু, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক, উপজেলা শ্রমিক লীগের সভাপতি আবুল কালাম, স্বেচ্ছাসেবক লীগের সহ সভাপতি মতিউর রহমান মতিন, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ সাকিব, ইউপি সদস্য আবু নঈম ডালিম, সিবাস্তিয়ান মল্লিক ঝড়ুসহ, আওয়ামীলীগ, যুবলীগ,সেচ্ছাসেবকলীগ, ছাত্রলীগসহ আওয়ামী লীগের বিভিন্ন অংগসংগঠনের নেতৃবৃন্দ।

পরে আওয়ামী লীগে সহ বিভিন্ন অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ একে অপরকে

মিষ্টি খেয়ে স্বপ্নের পদ্মা সেতু উদ্বোধনের জন্য আনন্দ উল্লাস প্রকাশ করেন।

মেহেরপুর সদর উপজেলা ভাইস চেয়ারম্যান উপনির্বাচনে ৩ প্রার্থীর মনোনয়নপত্র সংগ্রহ

মেহেরপুর সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদে উপ-নির্বাচনে সাবেক ছাত্র নেতা শামীম উদ্দিন মনোনয়নপত্র সংগ্রহ করেছেন।

আজ শনিবার (২৫ জুন) দুপরের মেহেরপুর জেলা নির্বাচন অফিস থেকে শামীম মনোনয়নপত্র সংগ্রহ করেন। এনিয়ে মোট তিন জন প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করলেন।

এর আগে, জেলা যুবলীগ নেতা মিজানুর রহমান হিরন ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব নিসান সাবের মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। এ নিয়ে উপজেলা ভাইস চেয়ারম্যান উপনির্বাচনকে সামনে রেখে মোট ৩ জন প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করলেন।

উল্লেখ্য, সদর উপজেলা ভাইসচেয়ারম্যান মোমিনুল ইসলাম পদত্যাগ করে নবগঠিত বারাদী ইউনিয়ন পরিষদের আওয়ামীলীগ দলীয় প্রার্থী হিসেবে নির্বাচন করে নির্বাচিত হয়েছে।

গত ১৫ জুন নির্বাচন কমিশনা সদর উপজেলা পরিষদের ভাইসচেয়ারম্যান পদে উপ-নির্বাচনের তপশীল ঘোষণা করেন। আগামী ২৮ জুন মনোনয়নপত্র জমা দেয়ার শেষ দিন।

রোগী দেখতে গিয়ে এখন নিজেরাই হাসপাতালের বেডে

মেহেরপুর-মুজিবনগর সড়কের চকশ্যামনগর নামক স্থানে ট্রাকের সাথে বিদ্যুৎচালিত ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে মেহেরপুর হাসপাতালের নৈশ্যপ্রহরী রেজাউল মল্লিকসহ ৫ জন আহত হয়েছেন।

আহতরা হলেন, মুজিবনগর উপজেলার ইব্রাহিম শেখ (৫০), বায়োজিদ হোসেন (২৫), ঝর্ণা খাতুন (৩৫), রেজাউল মল্লিক (৫৫) ও অটোচালক মুজিবর রহমান ।

ইব্রাহিম শেখ মুজিবনগর উপজেলার ভবানীপুর গ্রামের ইন্নাল শেখের ছেলে ও ঝর্ণা খাতুন ইন্নাল শেখের স্ত্রী। এছাড়া অটো চালক মুজিবুর রহমান সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের ইব্রাহিমের ছেলে।

আজ শনিবার (২৫ জুন) বিকাল সাড়ে ৪ টার সময় সদর উপজেলার নতুনগ্রাম ও চকশ্যামনগর গ্রামের মাঝামাঝি স্থানে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

আহতরা জানান, মুজিবনগর থেকে ইজিবাইকযোগে মেহেরপুর শহরে আসার সময় চকশ্যামনগর ও নতুনগ্রামের মাঝামাঝি মাঠের মধ্যে পৌছানো মাত্র বিপরীত থেকে যাওয়া একটি একটি চলন্ত ট্রাকের সাথে মুখোমুখি সংঘর্ষে ইজিবাইকটি রাস্তার উপর উল্টে পড়ে। এতে অটোযাত্রী সকলেই আহত হন। স্থানীয়রা আহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেন।

আহতরা বর্তমানে আড়াই শয্যা বিশিষ্ট মেহেরেপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

আহতদের মধ্যে ইব্রাহিম শেখ, বায়োজিদ হোসেন, ঝর্ণা খাতুন একই পরিবারের। তাদের এক নিকটাত্মীয় ডাইরিয়া রোগে আক্রান্ত। তাকে হাসপাতালে দেখতে এসে নিজেরাই এখন হাসপাতালে ভর্তি হলেন।

মেহেরপুরের ধলাই সড়ক দুর্ঘটনায় আহত -১

গাংনী উপজেলার রামকৃষ্ণপুর গ্রামে ধলার মোড়ে মোটরসাইকেলের ধাক্কায় হবিদেন নামের এক কৃষক আহত হয়েছেন।

আজ শনিবার বিকাল সাড়ে তিনটার দিকে এ ঘটনা ঘটে।

জানা যায়, মাঠ থেকে মহিষ চড়িয়ে বাড়ি ফেরার সময় এ দুর্ঘটনা ঘটে। আত্মীয়রা জানান, একটি মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে পাশ থেকে তাকে ধাক্কা দেয়।

দুর্ঘটনায় হবিদেন আহত হলে স্থানীয়রা তাকে উদ্ধার করে। হবিদেন একজন মহিষ পালক ও কৃষক বলে জানা যায়। তিনি গাংনী উপজেলার রামকৃষ্ণপুর গ্রামের হযরত আলীর ছেলে।

তিনি এখন মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

মেহেরপুর জেলা প্রশাসনের বর্ণাঢ্য শোভাযাত্রা

সক্ষমতার প্রতীক স্বপ্নের পদ্মা সেতুর শুভ উদ্বোধন উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২৫ জুন) সকাল সাড়ে ৯ টার দিকে নানা রঙের ব্যানার ফেষ্টুন আর বাদ্যের তালে তালে এ শোভাযাত্রাটি মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর শহীদ শামসুজ্জোহা নগর উদ্যানে গিয়ে শেষ হয়। পরে মেহেরপুর শহীদ শামসুজ্জোহা নগর উদ্যানে স্বপ্নের সেতুর বর্ণিল উদ্বোধন দেখানো হয়।

শোভাযাত্রায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুল, মেহেরপুর পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর শফিউল আলম সরদার, মেহেরপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হুদা, (রাজস্ব) লিংকন বিশ্বাস, (শিক্ষা ও আইসিটি) আশরাফুজ্জামান ভূঁইয়া, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, গাংনী পৌর সভার মেয়র আহমেদ আলী, মেহেরপুর জজ কোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা আনসার কমান্ড্যান্ট সাহাদাত হোসেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও সদর উপজেলার চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক জাহিদ হোসেন, টিটিসি’র অধ্যক্ষ আরিফ আহমেদ তালুকদার, জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, সহকারী কমিশনার (ভূমি) আবু সাঈদ।

শোভাযাত্রায় মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর সরকারি মহিলা কলেজ, সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এন্ড বি এম কলেজ, মেহেরপুর দারুল উলুম আহমেদিয়া ফাজিল মাদ্রাসা, মেহেরপুর বিএম মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, এস এম সরকারি প্রাথমিক বিদ্যালয়, শহীদ ক্যাপ্টেন আশরাফুল হাফিজ খান দৃষ্টিনন্দন সরকারি প্রাথমিক বিদ্যালয় সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শত শত শিক্ষার্থী, সরকারি কর্মকর্তা কর্মচারীগণ শোভাযাত্রায় অংশগ্রহণ করেন।

আজ সন্ধ্যায় মেহেরপুর শহীদ সামসুজ্জোহা নগর উদ্যানে বর্ণাঢ্য আতশবাজি ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছে জেলা প্রশাসন।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৮ জন গ্রেফতার

মেহেরপুরে পুলিশের অভিযানে বিভিন্ন মামলায় ৮ জন গ্রেফতার হয়েছেন। এদের মধ্যে নিয়মিত মামলায় ৪ জন, আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ৩ ও সিআর মামলায় ১ জন আসামী।

আটকদের মধ্যে মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে জিআর মামলায় ৩ জন ও সিআর মামলায় ১ জনকে গ্রেফতার করেছেন। এছাড়া মেহেরপুর সদর থানা পুলিশ ২ জন ও গাংনী থানা পুলিশ ১ জনকে গ্রেফতার করেছেন।

শুক্রবার (২৪ জুন) দিবাগত রাতভর আজ শনিবার ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামীদের গ্রেফতার করা হয়।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত ওসি জুলফিকার আলী ও মুজিবনগর থানার ওসি রাসেল মেহেদী গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

এছাড়া গত ২৪ ঘন্টায় মেহেরপুরের তিনটি থানায় মাদক মামলাসহ ৪ টি মামলা এফআইআর ভূক্ত করা হয়েছে।
মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোলরুম এ তথ্য নিশ্চিত করেছেন।

আজ শনিবার (২৫ জুন) সকালের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পদ্মা সেতুর উদ্বোধন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান

পদ্মা সেতুর উদ্বোধন উপলক্ষে মেহেরপুরে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার রাতে মেহেরপুর জেলা প্রশাসনের

আয়োজনে শহীদ শামসুজ্জোহা পার্কে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর ও গাংনী শিল্পকলা একাডেমীর সঙ্গীত শিল্পীরা এতে সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন।

সাংস্কৃতিক অনুষ্ঠানে অন্যদের মধ্যে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হুদা, (রাজস্ব) লিংকন বিশ্বাস, (শিক্ষা ও আইসিটি) আশরাফুজ্জামান ভূঁইয়া, সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, পিপি পল্লব ভট্টাচার্য, সহকারী কমিশনার (ভূমি) আবু সাঈদ, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক উপস্থিত ছিলেন।